

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫২৯৭

আগরতলা, ২৭ মার্চ, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

**ভারতীয় জনতা পার্টি ও ভারতীয় জাতীয়**

**কংগ্রেস প্রার্থীর মনোনয়নপত্র পেশ**

আসন্ন লোকসভা নির্বাচনে ১-ত্রিপুরা পশ্চিম লোকসভা কেন্দ্রে প্রতিদ্বন্দ্বিতা করতে ভারতীয় জনতা পার্টির প্রার্থী বিপ্লব কুমার দেব এবং ভারতীয় জাতীয় কংগ্রেস প্রার্থী আশিস কুমার সাহা আজ মনোনয়নপত্র জমা দিয়েছেন। প্রার্থীগণ ১-ত্রিপুরা পশ্চিম লোকসভা কেন্দ্রের রিটার্নিং অফিসার তথা পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমারের কাছে মনোনয়নপত্র দাখিল করেন।

১-ত্রিপুরা পশ্চিম লোকসভা কেন্দ্রে নির্বাচনী প্রতিদ্বন্দ্বিতা করতে ইতিমধ্যেই বহুজন মুক্তি পার্টির ব্রজলাল দেবনাথ, নিৰ্দল প্রার্থী রমেন্দ্র রিয়াং, রিপাবলিকান পার্টি অব ইন্ডিয়া (এ) এর অর্গব রায়, নিৰ্দল প্রার্থী বলরাম দেববর্মা, নিৰ্দল প্রার্থী (আদি বিজেপি) মিলনপদ মুড়াসিং, আমরা বাঙ্গালী দলের প্রার্থী গৌরী শঙ্কর নন্দী, এসইউসিআই (সি) এর প্রার্থী অরুণ কুমার ভৌমিক মনোনয়নপত্র জমা দিয়েছেন। উল্লেখ্য, আগামী ১৯ এপ্রিল ১-ত্রিপুরা পশ্চিম লোকসভা আসনে ভোট গ্রহণ করা হবে। মুখ্য নির্বাচন আধিকারিকের কার্যালয় থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*